দৈনিক
ইনকিলাব

তাং 22 APR 2003

## ৯ দফা শিক্ষা চুক্তির নবম ধারাটি বাতিল হয়েছে কি?

বিগত সরকারের বিদ্বেষমূলক ৯ দফা শিক্ষা চুক্তির নবম ধারাটি বাতিল হওয়ার খবরে আশাহত যুবকদের মধ্যে আশার সঞ্চার হয়েছে। গত ১-৪-২০০৩ রাত ৮টার বাংলা সংবাদে ৯ দফার নবম ধারাটি বাতিলের ঘোষণা দেয়া হয় এবং ২-৪-২০০৩ দৈনিক ইনকিলাব পত্রিকায় খবর ছাপা হয় সরকার ৯ দফা চুক্তির নবম ধারাটি বাতিল করেছেন। উল্লেখিত ধারার কারণে দ্বিতীয় শ্রেণী স্নাতক (পাস) মাস্টার্সধারীরা প্রথম শ্রেণী থাকার শর্তের কারণে মাদ্রাসা, কলেজে শিক্ষকতা পেশা থেকে বঞ্চিত হয়ে আসছে। নবম ধারাটি বাতিলের ব্যাপারে শিক্ষা ভবনে যোগাযোগ করা হলে তারা শুধু একটি তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য বলেন, কিন্তু নবম ধারাটি যদি বাতিল হয়েই থাকে তাহলে স্নাতক (পাস) মাস্টার্সধারীদের মাস্টার্সে প্রথম শ্রেণী থাকার শর্ত বাতিল হওয়ার কথা। এখন কর্তৃপক্ষের কাছে প্রশ্ন নবম ধারাটি বাতিল হয়েছে কি?

—আবুল হাসান
গ্রাম ঃ পশ্চিম ছাগলনাইয়া, ছাগলনাইয়া, ফেনী।